# খাদ্য ব্যবস্থাপনা পর্যবেক্ষন সিস্টেম

## লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেমের

## ব্যবহারিক সহায়িকা

**সংস্করণ - ২.0**

**খাদ্য অধিদপ্তর, খাদ্য মন্ত্রণালয়**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদ**

# সূচিপত্র

**১. লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম:** ........ 3

**১.১. খাদ্যশস্য লাইসেন্স রোল মেট্রিক্স** ........ 3

**১.২. খাদ্যশস্য লাইসেন্স আবেদন, আবেদন ট্রেকিং, লাইসেন্সধারী লগইন:** ........ 3

**১.২.১ খাদ্যশস্য লাইসেন্স আবেদন** ........ 5

**১.২.২ খাদ্যশস্য লাইসেন্স আবেদন ট্র্যাকিং** ........ 16

**১.২.৩ খাদ্যশস্য লাইসেন্সধারী লগইন** ........ 20

**১.২.৩.১ নতুন খাদ্যশস্য লাইসেন্স এর জন্য আবেদন** ........ 22

**১.২.৩.২ এফজিএল লাইসেন্স নবায়ন** ........ 22

**১.২.৩.৩ লাইসেন্স ডুপ্লিকেট** ........ 24

**১.২.৩.৪ পাক্ষিক রিটার্ন রিপোর্ট** ........ 26

**১.২.৩.৫ পাক্ষিক রিটার্ন রিপোর্ট তালিকা** ........ 27

**১.২.৩.৬ পাসওয়ার্ড পরিবর্তন** ........ 28

**১.২.৩.৭ পাসওয়ার্ড পুনরুদ্ধার** ........ 29

**১.২.৩.৮ লগআউট** ........ 33

# ১. লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম:

খাদ্য অধিদপ্তর খাদ্যশস্য লাইসেন্স ম্যানেজমেন্ট এর মাধ্যমে আমদানীকারক, পাইকারী ও খুচরা ব্যবসায়ী, মজুদদার, মিল মালিক (চাল/আটা) ও ডিলার (ওএমএস/খাদ্য বান্ধব) ইত্যাদি সকল ব্যবসায়ীদের এসআরও ১৮৬ নীতিমালা অনুযায়ী ডিজিটাল পদ্ধতিতে খাদ্যশস্য লাইসেন্স প্রদান করা হবে।

নিম্নে খাদ্যশস্য লাইসেন্স ম্যানেজমেন্ট এর ব্যবহারিক সহায়িকা তুলে ধরা হলোঃ

## ১.১. খাদ্যশস্য লাইসেন্স রোল মেট্রিক্স

খাদ্যশস্য লাইসেন্স ম্যানেজমেন্টের গুরুত্তপূর্ণ কার্যাবলি সমূহ এবং তার সাথে সংশ্লিষ্ট ব্যবহারকারী উল্লেখ করা হলোঃ


| ক্রমিক নং | মডিউলের কার্যাবলি | ব্যবহারকারী রোল |
|---|---|---|
| ১ | খাদ্যশস্য লাইসেন্স আবেদন | আবেদনকারী (খুচরা ব্যবসায়ী, ডিলার, মিলার, আমদানিকারক, পাইকারি ব্যবসায়ী, ইত্যাদি।) |
| ২ | খাদ্যশস্য লাইসেন্স ফি চালান ভেরিফিকেশন | আবেদনকারী |
| ৩ | খাদ্যশস্য লাইসেন্স প্রাথমিক অনুমোদন | সহকারী খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ৪ | খাদ্যশস্য লাইসেন্স চূড়াঁন্ত অনুমোদন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক |

## ১.২. খাদ্যশস্য লাইসেন্স আবেদন, আবেদন ট্রেকিং, লাইসেন্সধারী লগইন:

খাদ্যশস্য লাইসেন্স আবেদন প্রক্রিয়া শুরু করার জন্য খাদ্যশস্য লাইসেন্সের পোর্টাল এ প্রবেশ করতে হবে।


| | |
|---|---|
| **পোর্টাল লিংক** | https://fsmms.dgfood.gov.bd/ |
| **বিবরণ** | খাদ্যশস্য লাইসেন্স আবেদন, আবেদন ট্রেকিং, লাইসেন্সধারী লগইন |
| **ব্যবহারকারী** | আবেদনকারী, খাদ্যশস্য লাইসেন্সধারী |

গুগল ক্রোম অথবা ফাইয়ার ফক্স যেকনো ব্রাউজার এ পোর্টাল লিংকটি প্রবেশ করুন এবং খাদ্যশস্য লাইসেন্সে বাটনে ক্লিক করুন।




**চিত্র:** পোর্টাল হোমপেজ

খাদ্যশস্য লাইসেন্সে বাটনে ক্লিক করার পরবর্তীতে খাদ্যশস্য লাইসেন্সে হোমপেজে তিনটি অপশন প্রদর্শন করবে। ১। নতুন খাদ্যশস্য লাইসেন্স আবেদন, ২। আবেদন ট্রেকিং, ৩। লাইসেন্সধারী লগইন।




**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স হোমপেজ


১. নতুন খাদ্যশস্য লাইসেন্স আবেদন এর জন্য ‘নতুন লাইসেন্স এর জন্য আবেদন করুন’ এই অপশনটি সিলেক্ট করুন।

২. আবেদন ট্রাক করতে ‘আপনার খাদ্যশস্য লাইসেন্সের আবেদনের অবস্থা পরীক্ষা করুন’- এর উপর ক্লিক করুন।

৩. খাদ্যশস্য লাইসেন্সের অনুমদন সাপেক্ষে, লাইসেন্সধারী অ্যাকাউন্টে লগইন করতে ‘আপনার অ্যাকাউন্টে লগইন করুন’ বাটনে ক্লিক করুন।

## ১.২.১ খাদ্যশস্য লাইসেন্স আবেদন

**পদক্ষেপ ১:** খাদ্যশস্য লাইসেন্স আবেদন অপশনে ক্লিক করার পর খাদ্যশস্য লাইসেন্স নির্দেশিকাটি প্রদর্শন করবে। এখানে ‘আবেদন করুন’ বাটন-এ ক্লিক করুন।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স আবেদনের নির্দেশিকা

## খাদ্যশস্য লাইসেন্স আবেদন ফর্ম

| | |
|---|---|
| **লিংক** | https://fsmms.dgfood.gov.bd/ |
| **বিবরণ** | খাদ্যশস্য লাইসেন্স আবেদন ফর্ম |
| **ব্যবহারকারী** | আবেদনকারী |

**পদক্ষেপ ২:** FGL-এর জন্য নিবন্ধন করার জন্য চারটি ধাপে ফর্মটি পূরণ করুন।

**ধাপ ১-** প্রথম ধাপ পূরণ করার জন্য আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র, ই-মেইল ID, মোবাইল নম্বর, জন্ম তারিখ এবং পাসওয়ার্ড প্রদান করুন।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স আবেদন স্ক্রীন (ধাপ ১)

নিচে বর্ণিত ছক অনুযায়ী উপরের ফর্ম পূরণ করুন:

| ক্রমিক সংখ্যা | তথ্য | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জাতীয় পরিচয়পত্র নম্বর | আবেদনকারীর ১০/১৩/১৭ সংখ্যা বিশিষ্ট জাতীয় পরিচয়পত্র নম্বর দিতে হবে। | ১টি জাতীয় পরিচয়পত্র ১ বারের বেশি ব্যবহার করা যাবে না। |
| ২ | ই-মেইল | সঠিক ই-মেইল আইডি দিতে হবে (যদি থাকে) | |
| ৩ | মোবাইল নম্বর | আবেদনকারীর সঠিক মোবাইল নম্বর দিতে হবে | |
| ৪ | জন্ম তারিখ | আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ দিতে হবে | |
| ৫ | পাসওয়ার্ড | পাসওয়ার্ড প্রদান করুন | |
| ৬ | পাসওয়ার্ড নিশ্চিত করুন | পুনরায় একই পাসওয়ার্ড প্রদান করুন | |


**OTP যাচাইকরণ:** পরবর্তী বাটনে ক্লিক করলে আবেদনকারী প্রদত্ত মোবাইল নম্বরে ৪ সংখ্যা বিশিষ্ট ওটিপি যাবে। ওটিপি প্রদান করে 'সাবমিট' বাটনে ক্লিক করুন। সঠিক ওটিপি প্রদান সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ধাপ-২ এ চলে যাবে।




**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স ওটিপি স্ক্রীন


**ধাপ ২-** দ্বিতীয় ধাপে, সঠিক জাতীয় পরিচয়পত্রের তথ্য প্রদান সাপেক্ষে আবেদনকারীর মৌলিক তথ্য জাতীয় পরিচয়পত্র ডাটাবেস থেকে স্বয়ংক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে। অন্যথায় ধাপ-১ এ ফেরত চলে যাবে।

আবেদনকারীর বৈবাহিক অবস্থা এবং বর্তমান ঠিকানা তথ্য প্রদান করুন এবং পরবর্তী বাটনে ক্লিক করতে হবে।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স নিবন্ধন স্ক্রীন (ধাপ ২)

**ধাপ ৩-** এই ধাপে আবেদনকারীকে তার ট্রেড লাইসেন্সের তথ্য, ব্যাবসায়ের বিবরণ, গুদামের বিবরণ, এবং সংশ্লিষ্ট কাগজ এর স্কেন কপি (পিডিএফ ফরম্যাট) আপলোড করতে হবে।




**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স নিবন্ধন স্ক্রীন (ধাপ ৩)

**সেকশন ১**: নিচের ছক অনুযায়ী ট্রেড লাইসেন্স-এর তথ্য পূরণ করুন।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স নিবন্ধন স্ক্রীন (ধাপ ৩- সেকশন ১)

প্রয়োজনীয় তথ্য নিম্নের ছক অনুযায়ী পূরণ করুন:

| **ক্রমিক সংখ্যা** | **তথ্য** | **বিবরণ** |
|---|---|---|
| ১ | ট্রেড লাইসেন্স নম্বর | আবেদনকারীর ট্রেড লাইসেন্স নম্বর পূরণ করতে হবে |
| ২ | ট্রেড লাইসেন্স মেয়াদ শেষ হওয়ার তারিখ | ট্রেড লাইসেন্স মেয়াদ শেষের তারিখ পূরণ করতে হবে |
| ৩ | TIN নম্বর | আবেদনকারীর টিন নম্বর পূরণ করতে হবে |
| ৪ | ট্রেড লাইসেন্স প্রদানকারী শহর | টিন নম্বর প্রদানকারীর শহর পূরণ করতে হবে |
| ৫ | ট্রেড লাইসেন্স প্রদানকারী কোড | টিন নম্বর প্রদানকারীর কোড পূরণ করতে হবে |

**সেকশন ২-** ব্যবসার তথ্য পূরণ করুন।


ব্যবসার বিবরণ (আপনার ট্রেড লাইসেন্স অনুযায়ী) এবং নিবন্ধিত ঠিকানা

প্রাতিষ্ঠানিক নাম (ইংরেজি) * — Manual

প্রাতিষ্ঠানিক নাম (বাংলা) * — ম্যানুয়াল

ব্যবসার ধরন (খুচরা বিক্রেতা, ডিলার, মিলার, পাইকারী বিক্রেতা, আমদানিকারক, রপ্তানিকারক।) *

ব্যবসার ধরন নির্বাচন করুন — মেজর রাইস মিল

পণ্যের প্রকার (ধান, চাল, গম, আটা ইত্যাদি) * — ☑ ধান ☑ চাল ☐ গম ☐ আটা

বিভাগ * — চট্টগ্রাম

জেলা * — চট্টগ্রাম

উপজেলা/সিটি কর্পোরেশন * — সীতাকুন্ড

ইউনিয়ন * — কুমিরা

গ্রাম/মহল্লা * — টাউন কালিকাপুর

ওয়ার্ড * — টাউন কালিকাপুর

ডাক ঘর * — SITAKUNDA - 4310

জিপ কোড/পোস্ট কোড * — 4310

বাসার ঠিকানা * — টাউন কালিকাপুর

**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স নিবন্ধন স্ক্রীন (ধাপ ৩- সেকশন ২)

প্রয়োজনীয় তথ্য নিম্নের চার্ট অনুযায়ী পূরণ করুন:

| ক্রমিক সংখ্যা | তথ্য | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক নাম (ইংরেজি) | ব্যবসায় প্রাতিষ্ঠানের নাম ইংরেজিতে পূরণ করতে হবে | |
| ২ | প্রাতিষ্ঠানিক নাম (বাংলা) | ব্যবসায় প্রাতিষ্ঠানের নাম বাংলায় পূরণ করতে হবে | |
| ৩ | ব্যবসার ধরণ | ব্যবসায় ধরণ লিস্ট থেকে নির্বাচন করতে হবে। | এর উপরে ভিত্তি করে পরবর্তীতে ডিলার অথবা মিলের ব্যাবস্থাপনা স্বয়ংক্রিয়ভাবে নির্ধারণ হয়ে যাবে। |
| ৪ | পণ্যের প্রকার | ব্যবসায় ধরণ অনুযায়ী মজুদ এর জন্য পণ্যের প্রকার নির্বাচন করতে হবে। | |
| ৫ | বিভাগ | ব্যবসায় প্রাতিষ্ঠানের বিভাগ নির্বাচন করতে হবে। | |
| ৬ | জেলা | ব্যবসায় প্রাতিষ্ঠানের জেলা নির্বাচন করতে হবে। | অনুমদনের জন্য এর উপরে ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকের/সহকারী নিয়ন্ত্রকের ড্যাশবোর্ড এ প্রদর্শন করবে। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | উপজেলা | ব্যবসায় প্রাতিষ্ঠানের উপজেলা নির্বাচন করতে হবে। | অনুমদনের জন্য এর উপরে ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের ড্যাশবোর্ড এ প্রদর্শন করবে। |
| ৮ | ইউনিয়ন | ব্যবসায় প্রাতিষ্ঠানের ইউনিয়ন নির্বাচন করতে হবে। | |
| ৯ | জিপ/পোস্ট কোড | ব্যবসায় প্রাতিষ্ঠানের পোস্ট কোড নির্বাচন করতে হবে। | |
| ১০ | ডাকঘর | ব্যবসায় প্রাতিষ্ঠানের ডাকঘর নির্বাচন করতে হবে। | |
| ১১ | ঠিকানা | ব্যবসায় প্রাতিষ্ঠানের ঠিকানা পূরণ করতে হবে। | |

**সেকশন ৩-** গুদামের বিবরণ পূরণ করুন।




**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স নিবন্ধন স্ক্রীন (ধাপ ৩- সেকশন ৩)

| ক্রমিক সংখ্যা | তথ্য | বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | গোডাউনের ধরণ | গোডাউনের ধরন নির্বাচন করতে হবে | |
| ২ | গোডাউনের নাম | গোডাউনের সংক্ষিপ্ত নাম পূরণ করতে হবে | |
| ৩ | মালিকানা | মালিকানার ধরন নির্বাচন করতে হবে | |
| ৪ | ঠিকানা | গোডাউনের তথ্য পূরণ করতে হবে | |
| ৫ | মৌজা | | |
| ৬ | খতিয়ান | | |
| ৭ | দাগ | | |
| ৮ | উচ্চতা (মিটার) | | |
| ৯ | প্রস্থ (মিটার) | | |
| ১০ | দৈর্ঘ্য (মিটার) | | |
| ১১ | ক্ষমতা (মে.টন) | | |

| | | | |
|---|---|---|---|
| ১২ | বিভাগ | গোডাউনের বিভাগ নির্বাচন করতে হবে | |
| ১৩ | জেলা | গোডাউনের জেলা নির্বাচন করতে হবে | অনুমদনের জন্য গুদামের অবস্থানের উপর ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকের/সহকারী নিয়ন্ত্রকের ড্যাশবোর্ড এ প্রদর্শন করবে। |
| ১৪ | উপজেলা | গোডাউনের উপজেলা নির্বাচন করতে হবে | অনুমদনের জন্য গুদামের অবস্থানের উপর ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের ড্যাশবোর্ড এ প্রদর্শন করবে। |
| | | | |

প্রয়োজনীয় তথ্য নিম্নের ছক অনুযায়ী পূরণ করুন:

**সেকশন ৪-** সংশ্লিষ্ট কাগজ এর স্কেন কপি (পিডিএফ ফরম্যাট) আপলোড করতে হবে। পূর্বেই সংশ্লিষ্ট সকল কাগজ পিডিএফ/জেপিজি/পিএনজি ফরম্যাটে কম্পিউটারে ১টি ফোল্ডারে সংরক্ষণ করে রাখতে হবে।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স নিবন্ধন স্ক্রীন (ধাপ ৩- সেকশন ৪)

প্রয়োজনীয় তথ্য নিম্নের ছক অনুযায়ী পূরণ করতে হবে।

| **ক্রমিক সংখ্যা** | **বিবরণ** | **মন্তব্য** |
|---|---|---|
| ১ | ছবি | শুধুমাত্র JPG, JPEG, PNG ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ২ | ট্রেড লাইসেন্স নথি | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ৩ | গত ৩ মাসের ব্যাংক স্টেটমেন্ট | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ৪ | ট্যাক্স আইডেন্টিফিকেশন নং(TIN) | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ৫ | বিদ্যুৎ বিভাগের সংযোজন অব্যাহতি মেমো | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ৬ | অন্য কোন প্রাসঙ্গিক নথি (যদি থাকে) সংযুক্ত করতে হবে | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ৭ | স্বাক্ষর/আঙুলের ছাপ | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ৮ | ব্যবসা শনাক্তকরণ নম্বর (BIN) | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ৯ | ফায়ার লাইসেন্স নম্বর | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ১০ | বিএসটিআই ক্লিয়ারেন্স লেটার মেমো | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |
| ১১ | পরিবেশ অধিদপ্তর ছাড়পত্র | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত।<br>সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB |


নথি আপলোডের সম্পন্ন হলে ‘পরবর্তী’ -বাটনে ক্লিক করতে হবে।

**ধাপ ৪-** পূরণকৃত সমস্ত তথ্য এই ধাপে প্রদর্শিত হবে। যথাযথ তথ্য পূরণ করা হলে নিম্নে ‘সম্মতি’ টিক দিতে হবে এবং জমা দিন বাটনে ক্লিক করতে হবে।




**চিত্র:** ফর্ম প্রিভিউ

**ধাপ ৫-** শেষ ধাপে আবেদন জমা দান সঠিক ভাবে সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে একটি আবেদন নম্বর দেওয়া হবে এবং আবেদনকারীর মোবাইলে মেসেজ যাবে। আবেদনকারীকে আবেদন নম্বরটি সংরক্ষণ করে রাখতে হবে যা আবেদনকারীকে আবেদন বর্তমান অবস্থা পর্যবেক্ষন করতে সাহায্য করবে।





**চিত্র:** আবেদন নম্বর স্ক্রীন

## ১.২.২ খাদ্যশস্য লাইসেন্স আবেদন ট্র্যাকিং


| | |
|---|---|
| **লিংক** | https://fsmms.dgfood.gov.bd/ |
| **বিবরণ** | খাদ্যশস্য লাইসেন্স আবেদন ট্র্যাকিং |
| **ব্যবহারকারী** | আবেদনকারী |

**পদক্ষেপ ১: খাদ্যশস্য লাইসেন্স ট্র্যাকং-** আবেদন ট্র্যাক করতে পোর্টাল থেকে ‘খাদ্য শস্য লাইসেন্স’ এর উপর ক্লিক করুন।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স হোমপেজ

**পদক্ষেপ ২:** আবেদন অবস্থা পর্যবেক্ষন এর জন্য পূর্বে সংরক্ষণকৃত আবেদন নম্বর এবং আবেদনকারীর জন্ম তারিখ পূরণ করে জমা দিন বাটনে ক্লিক করতে হবে করতে হবে।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স অবস্থা যাচাই

**পদক্ষেপ ৩:** আবেদনের বর্তমান অবস্থা স্বয়ংক্রিয়ভাবে হাল নাগাদ হবে। আবেদন খাদ্য কর্মকরতার দ্বারা পর্যবেক্ষণ চলাকালে 'পেন্ডিং' অবস্থায় থাকবে।




**চিত্র:** আবেদনের অবস্থা স্ক্রীন


আবেদন খাদ্য কর্মকরতার দ্বারা প্রত্যাখ্যান করা হলে 'বাতিল হয়েছে' অবস্থায় থাকবে।





**চিত্র:** আবেদনের অবস্থা স্ক্রীন

আবেদন খাদ্য কর্মকরতার দ্বারা প্রাথমিক অনুমোদন করা হলে 'পেমেন্ট পেন্ডিং' অবস্থায় থাকবে এবং লাইসেন্স বাবদ জমাকৃত A-Challan ফি অনলাইন ভেরিফিকেশন করতে হবে।

**ধাপ ১: চালান নং এ** A-Challan নম্বর পূরণ করুন এবং 'যাচাই করুন' বাটনে ক্লিক করুন।





**চিত্র:** আবেদনের চালান




**ধাপ ২: খাদ্য ব্যবস্থাপনা পর্যবেক্ষন সিস্টেম** এবং IBAS এর সাথে সংযোগ করা আছে। তাই সঠিক চালান স্বয়ংক্রিয়ভাবে যাচাই ফলাফল সম্পূর্ণ হলে ‘চালান জমা দিন’ বাটিনে ক্লিক করতে হবে। খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফি এর কম টাকার চালান সয়ংক্রিভাবে আটকে যাবে এবং পুনরায় চালান ভেরিফিকেশন করতে হবে।


**ধাপ ৩:** চালান সফল ভাবে জমা হলে উপরোক্ত চিত্র প্রদর্শন হবে। ‘পেছনে’ বাটনে ক্লিক করুন এবং খাদ্যশস্য লাইসেন্স এর জন্য খাদ্য কর্মকরতার চূড়ান্ত অনুমোদনের জন্য অপেক্ষা করতে হবে। চূড়ান্ত অনুমোদন হলে আবেদনকারীর মোবাইলে মেসেজ যাবে।




**চিত্র:** আবেদনের অবস্থা স্ক্রীন


### ১.২.৩ খাদ্যশস্য লাইসেন্সধারী লগইন

চূড়ান্ত অনুমোদন করা হলে আবেদনকারী **খাদ্য ব্যবস্থাপনা পর্যবেক্ষন সিস্টেমে** লগইন করতে পারবেন। খাদ্যশস্য লাইসেন্সধারী হিসেবে বিবেচিত হবে। খাদ্যশস্য লাইসেন্সধারী লগইন করতে তার জাতীয় পরিচয়পত্র নম্বর এবং পাসওয়ার্ড থাকা বাধ্যতামূলক।





**চিত্র:** খাদ্যশস্য লাইসেন্স হোমপেজ

**পদক্ষেপ ১: খাদ্যশস্য লাইসেন্সধারী লগইন** – বাটনে ক্লিক করতে হবে।





**চিত্রঃ লগইন**

**পদক্ষেপ ২:** লাইসেন্সধারী তার জাতীয় পরিচয়পত্র নম্বর এবং আবেদন এর সময় পূরণকৃত পাসওয়ার্ড পূরণ করে ‘সাইন ইন’ বাটনে ক্লিক করতে হবে।





**চিত্রঃ** খাদ্যশস্য লাইসেন্সধারীর হোমপেজ

খাদ্যশস্য লাইসেন্সধারী তার ড্যাশবোর্ড এর মেন্যু থেকে খাদ্য অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করবেন।




খাদ্যশস্য লাইসেন্স ম্যেনু থেকে লাইসেন্সধারী ১। সকল লাইসেন্স এর তালিকা, ২। লাইসেন্স নবায়ন, ৩। লাইসেন্স ডুপ্লিকেট, ৪। পাক্ষিক রিপোর্ট জমা, ৫। পাক্ষিক রিপোর্টের তালিকা।


### ১.২.৩.১ নতুন খাদ্যশস্য লাইসেন্স এর জন্য আবেদন




১। মেন্যু থেকে '**এফজিএল লাইসেন্স তালিকা**' তে ক্লিক করতে হবে। এই তালিকা থেকে সকল আবেদনের প্রেক্ষিতে অনুমোদিত, প্রত্যাখ্যান করা তালিকা পাওয়া যাবে।


২। নতুন খাদ্যশস্য লাইসেন্স এর আবেদন করতে 'নতুন এফজিএল লাইসেন্স' বাটনে ক্লিক করতে হবে এবং পূর্বের ন্যায় আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

### ১.২.৩.২ এফজিএল লাইসেন্স নবায়ন




১। লাইসেন্স নবায়ন প্রক্রিয়ার জন্য মেন্যু থেকে '**এফজিএল লাইসেন্স নবায়ন**' এ ক্লিক করতে হবে।


২। স্ক্রিন থেকে ‘**এফজিএল লাইসেন্স নবায়ন**’ বাটনে ক্লিক করতে হবে।




লাইসেন্স এর মেয়াদ শেষ হওয়া সাপেক্ষে নবায়ন স্কিন থেকে লাইসেন্স নবায়ন এর আবেদন করতে হবে।


নিম্নের ছক অনুযায়ী পূরণ নবায়ন করতে হবে:

| ক্রমিক সংখ্যা | তথ্য | বিবরণ |
|---|---|---|
| ১ | লাইসেন্স নং | লাইসেন্স নম্বর নির্বাচন করতে হবে। |
| ২ | ট্রেড লাইসেন্স নথি | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত। সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB। |
| ৩ | মন্তব্য | মন্তব্য লিখতে হবে। |
| ৪ | জমা | জমা দান বাটনে ক্লিক করতে হবে। |





লাইসেন্স এর আবেদনের সফলভাবে সম্পন্ন হলে পূর্বের ন্যায় আবেদন অনুমোদন প্রক্রিয়ার জন্য উপজেলা অথবা জেলা খাদ্য নিয়ন্ত্রকের ড্যাশবোর্ড এ প্রদর্শন করবে এবং নবায়ন ফি জমা করে চালান ভেরিফিকেশনের মাধ্যমে চূড়ান্ত অনুমোদন খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার দ্বারা সম্পন্ন হলে লাইসেন্স নবায়ন কার্যক্রম সম্পন্ন হবে।

## ১.২.৩.৩ লাইসেন্স ডুপ্লিকেট




১। খাদ্যশস্য লাইসেন্স হারিয়ে গেলে, কিংবা ক্ষতিগ্রস্ত হলে ডুপ্লিকেট লাইসেন্স এর জন্য আবেদন করতে মেন্যু থেকে **‘এফজিএল লাইসেন্স ডুপ্লিকেট’**-এ ক্লিক করতে হবে।

২। স্ক্রিন থেকে **‘এফজিএল লাইসেন্স ডুপ্লিকেট’** বাটনে ক্লিক করতে হবে।





লাইসেন্স ডুপ্লিকেট স্কিন থেকে ডুপ্লিকেট লাইসেন্স এর আবেদন করতে হবে।

নিম্নের ছক অনুযায়ী পূরণ নবায়ন করতে হবে:

| ক্রমিক সংখ্যা | তথ্য | বিবরণ |
|---|---|---|
| ১ | লাইসেন্স নং | লাইসেন্স নম্বর নির্বাচন করতে হবে। |
| ২ | ট্রেড লাইসেন্স নথি | শুধুমাত্র JPG, JPEG, PNG, PDF ফরম্যাট অনুমোদিত। সর্বোচ্চ ফাইলের আকার: 200 KB। |
| ৩ | ডুপ্লিকেট লাইসেন্স সমস্যার কারন | সমস্যার কারন নির্বাচন করতে হবে। |
| ৪ | মন্তব্য | মন্তব্য লিখতে হবে। |
| | জমা | জমা দান বাটনে ক্লিক করতে হবে। |

লাইসেন্স এর আবেদনের সফলভাবে সম্পন্ন হলে পূর্বের ন্যায় আবেদন অনুমোদন প্রক্রিয়ার জন্য উপজেলা অথবা জেলা খাদ্য নিয়ন্ত্রকের ড্যাশবোর্ড এ প্রদর্শন করবে এবং ডুপ্লিকেট ফি জমা করে চালান ভেরিফিকেশনের মাধ্যমে চূড়ান্ত অনুমোদন খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার দ্বারা সম্পন্ন হলে লাইসেন্স ডুপ্লিকেট কার্যক্রম সম্পন্ন হবে।


## ১.২.৩.৪ পাক্ষিক রিটার্ন রিপোর্ট




১। পাক্ষিক রিটার্ন জমা দানের জন্য মেন্যু থেকে পাক্ষিক রিপোর্ট ফর্ম-এ ক্লিক করতে হবে।

২। খাদ্যশস্য লাইসেন্স নম্বর নির্বাচন করতে হবে।

৩। সাবমিট বাটনে ক্লিক করতে হবে।



পাক্ষিক রিটার্ণ ফর্ম
তফসিল-৯ [অনুচ্ছেদ ৪(৩) দ্রষ্টব্য]


| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | : ওএমএস ব্যবহারকারী | লাইসেন্স নম্বর | : 201586210019 |
| ব্যবসা | : ওএমএস ডিলার | পাক্ষিক ছাটাই/ পেষন ক্ষমতা | : |
| গোডাউন ঠিকানা | : নাম: null / ঠিকানা: সবুজবাগ, | প্রতিবেদনাধীন পক্ষের নাম | : ২য় পাক্ষিক, July, 2024 |

| পণ্যের নাম | পূর্ববর্তী পক্ষের আগের পক্ষের মজুতের পরিমান (মে.টন) | পূর্ববর্তী পক্ষের মজুত (মে.টন) | প্রতিবেদনাধীন পক্ষে সংগৃহীত পণ্যের পরিমান | | ছাঁটাইকৃত ধানের / পেষণকৃত গমের পরিমান (মে.টন) | ধান ছাঁটাই / গম পেষণ হতে প্রাপ্ত ফলিত চালের/আটার পরিমান (মে.টন) | ছাঁটাই/পেষণ পরবর্তী মজুতের পরিমান (মে.টন) | বিক্রয়ের পরিমাণ (মে.টন) | প্রতিবেদনাধীন পক্ষ ও পূর্ববর্তী পক্ষের মজুতের পার্থক্য (মে.টন) | গত পাক্ষিক সমাপ্তি মজুদ ও বর্তমান পাক্ষিক সমাপ্তি মজুদের পার্থক্য (মে.টন) | অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ মজুত (মে.টন) | অনুমোদিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ক্রয়কৃত (মে.টন) | ক্রয়বিহীন (মে.টন) | | | | | | | | |
| চাল | 0 | 0 | | | | | | | 0 | | | |

সাবমিট


৪। সাবমিট বাটনে ক্লিক করা হলে, পাক্ষিক রিটার্ন ফর্ম নীতিমালা অনুসারে পূরণ করতে হবে।

৫। ফর্ম পূরণ সম্পন্ন হলে ‘সাবমিট’ বাটনে ক্লিক করতে হবে।




সফল ভাবে সাবমিট হলে সংশ্লিষ্ট জেলা খাদ্য কর্মকর্তার ড্যাশবোর্ড প্রদর্শিত হবে।

## ১.২.৩.৫ পাক্ষিক রিটার্ন রিপোর্ট তালিকা




১। দাখিলক্রিত পাক্ষিক রিপোর্টের জন্য মেন্যু থেকে ‘পাক্ষিক রিপোর্ট তালিকা’-এ ক্লিক করুন।

২। বছর নির্বাচন করতে হবে

৩। মাস নির্বাচন করতে হবে

৪। পাক্ষিক কাল নির্বাচন করতে হবে


৫। সাবমিট বাটনে ক্লিক করতে হবে

৬। ভিউ বাটনে ক্লিক করতে হবে।

নতুন ট্যাবে পাক্ষিক রিপোর্ট স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শন হবে।

### ১.২.৩.৬ পাসওয়ার্ড পরিবর্তন

**পদক্ষেপ ১:** ড্যাশবোর্ড বা মেনু বার থেকে 'পাসওয়ার্ড পরিবর্তন' মেনুটি নির্বাচন করুন।




**চিত্র:** পাসওয়ার্ড পরিবর্তন

**পদক্ষেপ ২:**

- প্রদর্শিত ফর্মে প্রথমে 'বর্তমান পাসওয়ার্ড' ফিল্ডে আপনার বর্তমান পাসওয়ার্ডটি সঠিকভাবে প্রবেশ করান।
- পরবর্তী ফিল্ডে 'নতুন পাসওয়ার্ডটি' প্রবেশ করান। নিশ্চিত করুন যে পাসওয়ার্ডটি শক্তিশালী এবং নিরাপদ।
- নতুন পাসওয়ার্ডটি আবারও নিশ্চিতকরণের জন্য 'নতুন পাসওয়ার্ড নিশ্চিত করুন' ফিল্ডে পুনরায় প্রবেশ করান। নিশ্চিত করুন যে উভয় ক্ষেত্রেই একই পাসওয়ার্ড প্রবেশ করেছেন।


**পদক্ষেপ ৩:** সমস্ত তথ্য সঠিকভাবে প্রবেশ করার পরে 'পাসওয়ার্ড পরিবর্তন করুন' বাটনে ক্লিক করুন। সফলভাবে পাসওয়ার্ড পরিবর্তনের পর একটি নিশ্চিতকরণ বার্তা দেখতে পাবেন।

**নোটঃ** যদি পাসওয়ার্ড পরিবর্তন করার সময় কোনো সমস্যার সম্মুখীন হন, তাহলে সিস্টেম অ্যাডমিনের সাথে যোগাযোগ করুন।

## ১.২.৩.৭ পাসওয়ার্ড পুনরুদ্ধার


**পদক্ষেপ ১** ব্যবহারকারীর পোর্টালে প্রবেশ করার সময় যদি পাসওয়ার্ড ভুল হয়, তাহলে একটি নোটিফিকেশন পপ-আপ হবে (‘ভুল পাসওয়ার্ড’) ।

যখন ব্যবহারকারী ভুল পাসওয়ার্ড প্রদান করেন এবং পাসওয়ার্ড ভুলে যান, তখন তিনি এই চিহ্নিত **'পাসওয়ার্ড ভুলে গেছেন?'** বাটনে ক্লিক করে পাসওয়ার্ড পুনরায় সেট বা পুনরুদ্ধার করতে পারবেন। পাসওয়ার্ড **পুনরুদ্ধার** করতে 'পাসওয়ার্ড ভুলে গেছেন?' বাটনে ক্লিক করুন।





**চিত্র:** পাসওয়ার্ড পুনরুদ্ধার

**পদক্ষেপ ৩** নতুন স্ক্রিনে আপনার নিবন্ধিত ইমেল বা মোবাইল নম্বরটি প্রদান করুন এবং 'পুনরুদ্ধারের করুন' বাটনের উপর ক্লিক করুন





**চিত্র:** পাসওয়ার্ড পুনরুদ্ধার

**পদক্ষেপ ৪** ওটিপি পেতে 'ওটিপি প্রবেশ করুন' বাটনের উপর ক্লিক করুন। আপনার মোবাইল নম্বরে একটি OTP (ওয়ান টাইম পাসওয়ার্ড) পাঠানো হবে। OTP প্রাপ্ত হলে, তা নির্দিষ্ট স্থানে প্রদান করুন





**চিত্র:** পাসওয়ার্ড পুনরুদ্ধার

**পদক্ষেপ ৫** ওয়ান-টাইম পাসওয়ার্ড (ওটিপি) একটি অস্থায়ী ও অনন্য পাসওয়ার্ড যা একটি নির্দিষ্ট সময়ের জন্য বৈধ থাকে। পাসওয়ার্ড পরিবর্তনের সময়, আপনার নিবন্ধিত মোবাইল নম্বরে যে ওটিপি পাঠানো হয়েছে তা ব্যবহার করুন আপনার নতুন পাসওয়ার্ড সেট করতে। সুরক্ষার জন্য, এই ওটিপি কেবলমাত্র একবার ব্যবহারের জন্য এবং একটি নির্দিষ্ট সময়ের জন্য বৈধ। OTP যাচাই হয়ে গেলে, নতুন পাসওয়ার্ড দেওয়ার জন্য একটি স্ক্রিন দেখা যাবে।





**চিত্র:** ওটিপি এন্ট্রি

**পদক্ষেপ ৬** এই স্ক্রিনে নতুন পাসওয়ার্ড লিখুন এবং পাসওয়ার্ড যাচাই করার জন্য আবার পুনরায় লিখুন, পাসওয়ার্ড নিশ্চিত করার পরে 'জমা দিন' বাটনে ক্লিক করুন।




**চিত্র:** পাসওয়ার্ড পুনরুদ্ধার

**পদক্ষেপ ৭** পাসওয়ার্ড সফলভাবে পুনরুদ্ধার হলে, এই বার্তাটি স্ক্রিনে প্রদর্শিত হবে এবং আপনি নতুন পাসওয়ার্ড দিয়ে সিস্টেমে লগইন করতে পারবেন।





**চিত্র:** পাসওয়ার্ড সফলভাবে পুনরুদ্ধার

## ১.২.৩.৮ লগআউট

**পদক্ষেপ ১:** ড্যাশবোর্ড বা যেকোনো পৃষ্ঠায় থাকাকালীন, উপরের ডান কোণায় আপনার প্রোফাইল নামের পাশে বা মেনুতে ‘লগ আউট’ বাটন দেখতে পাবেন। সেখানে ক্লিক করুন।

লগ আউট বাটনে ক্লিক করার পর, আপনার বর্তমান সেশনটি বন্ধ হয়ে যাবে এবং আপনি লগইন পৃষ্ঠায় ফিরে আসবেন।




**চিত্র:** লগআউট

**গুরুত্বপূর্ণ তথ্য:**

- পাবলিক কম্পিউটারে লগ আউট করুন: যদি আপনি পাবলিক বা শেয়ার করা কম্পিউটারে কাজ করছেন, তাহলে নিরাপত্তার জন্য অবশ্যই লগ আউট করবেন।

সেশন টাইমআউট: যদি কোনো নির্দিষ্ট সময় পর্যন্ত আপনি সিস্টেমে সক্রিয় না থাকেন, তাহলে সেশনটি স্বয়ংক্রিয়ভাবে টাইমআউট হতে পারে এবং আপনাকে পুনরায় লগইন করতে হতে হবে।